



উত্তরা ব্যাংক পিএলসি.

আঞ্চলিক কার্যালয়, ঢাকা দক্ষিণ অঞ্চল, ঢাকা।

অর্থস্বর্ণ আদালত আইন-২০০৩ইং এর ১২(৩) ধারার বিধান মতে

নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ওয়াজির মোহাম্মদ খান, পিতাঃ মৃতঃ চান মোহাম্মদ খান, মাতাঃ নাজিবুন নেছা, ঠিকানাঃ দোকান নং ১৯/২০, ইসলামপুর প্লাজা ১২, ইসলামপুর রোড, ঢাকা-১১০০ থানাঃ কোতোয়ালী, জেলাঃ ঢাকা এর নিজ মালিকানাধীন মেসার্স নুসরাত ফেব্রিক্স নামীয় ব্যবসা প্রতিষ্ঠানের নামে উত্তরা ব্যাংক পিএলসি., ইসলামপুর শাখা হতে সি সি (হাইপো) ৮০,০০,০০০/- (আশি লক্ষ) টাকা ঋণ গ্রহণ করেছিলেন যা মেয়াদ উত্তীর্ণ হয়ে খেলাপী ঋণে পরিণত হয়। উক্ত ঋণের জামানত হিসাবে নিম্নে উল্লিখিত তফসিল বর্ণিত সম্পত্তি ব্যাংকের নিকট রেজিস্ট্রি বন্ধক রাখেন। বারবার তলব ও তাগাদা দেয়া সত্ত্বেও ঋণ গ্রহিতার নিকট হতে ব্যাংকের পাওনা টাকা আদায় করা সম্ভব হয়নি। বিগত ১৫/০৫/২০২৪ ইং তারিখ পর্যন্ত সুদসহ ব্যাংকের সর্বমোট পাওনা টাকা ১,৭৮,৫৪,২০৪.০২ (এক কোটি আটাত্তর লক্ষ চুয়ান্ন হাজার দুইশত চার টাকা দুই পয়সা) মাত্র। ঋণ নেওয়ার সময় ঋণ গ্রহীতা/বন্ধকদাতাগন বন্ধকীকৃত সম্পত্তি বিক্রি করার ক্ষমতা ব্যাংককে প্রদান করেন। তার/তাদের প্রদত্ত ক্ষমতা বলে এবং উল্লিখিত আইনের বিধান মতে নিম্ন তফসীল বর্ণিত স্থাবর সম্পত্তি বিক্রি করার জন্য সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে। আগ্রহী ক্রেতাগণ কর্তৃক যেকোন একটি তফসিল অথবা সকল তফসিলে দরপত্রে অংশগ্রহণ করতে পারবে, যাহা আগামী ২৬/০৬/২০২৪ইং তারিখ বেলা ১.০০ (এক) ঘটিকার মধ্যে ব্যাংকের ইসলামপুর শাখা, ঢাকায় রক্ষিত বাস্তবে দরপত্র জমা করতে অথবা খামের উপর “সম্পত্তি ক্রয় দরপত্র” লিখে সরাসরি/রেজিস্ট্রি ডাকযোগে উক্ত শাখায় প্রেরণ করতে হবে এবং ঐ দিন বেলা ৩.০০ (তিন) ঘটিকার সময় দরপত্র দাতা কিংবা তাদের প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র সমূহ খোলা হবে। দরপত্র অবশ্যই শর্তমুক্ত হতে হবে। বন্ধকীকৃত সম্পত্তি ক্রয়ের জন্য উত্তরা ব্যাংক পিএলসি. এর অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট অথবা পে-অর্ডার আকারে নিম্নরূপ জামানত দরপত্রের সাথে দাখিল এবং বর্ণিত পরিশোধ সূচী অনুযায়ী বাকী টাকা পরিশোধ করতে হবে :-

দরপত্রের উদ্ধৃত মূল্য	জামানত	দরপত্রের বাকী টাকা পরিশোধের সময়সীমা
অনূর্ধ্ব টাকা ১০,০০,০০০/-	২০%	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিন
টাকা ১০,০০,০০১/- হইতে অনূর্ধ্ব টাকা ৫০,০০,০০০/-	১৫%	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিন
টাকা ৫০,০০,০০০/- এর অধিক	১০%	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিন

দরপত্র গৃহীত হওয়ার পর উপরোল্লিখিত সময়ের মধ্যে বাকী টাকা পরিশোধে ব্যর্থ হলে জামানতের টাকা ব্যাংকের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। প্রকাশ থাকে যে, দরপত্রে উল্লিখিত মূল্য অপর্യാপ্ত বা কম প্রতীয়মান হলে অথবা কোন কারণ দর্শানো ব্যতিরেকেই ব্যাংক কর্তৃপক্ষ যে কোন/সকল দরপত্র বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

তফসিল ভুক্ত সম্পত্তির উপর কোন সরকারী, আধা সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান যথা সিটি কর্পোরেশন, ওয়াসা, পিডিবি, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান ইত্যাদির যে কোন পাওনা বা দাবী থাকলে তা পরিশোধের কোন দায় দায়িত্ব অত্র ব্যাংকের উপর বর্তাইবে না। এ ছাড়া দরপত্র দাতাকে রেজিস্ট্রেশন সংক্রান্ত খরচ, স্ট্যাম্প ডিউটি ও অন্যান্য শুল্ক যদি থাকে এবং দলিল নিবন্ধন সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করতে হবে।

Schedule

Mouza: Shibpur, J L no CS 254, SA 78, PS Dhanmondi, District : Dhaka appertaining to dag No. C.S. 428, S.A 909/1416, RS 3877, DP 5209, Khatian No. CS 436, S.A. 1014, R.S. 705, DP 1502, mutation 705/1, land measuring 4.52 katha land owned by Mr. Wazir Mohammad Khan situated at 27/28 Monesahor Road, Dhanmondi, Dhaka.

আঞ্চলিক প্রধান

ও

চেয়ারম্যান, টেন্ডার কমিটি।